# নিজেদের দেশ ছেড়ে অন্য ভেন্যু খুঁজছে পিএসএল

# যুদ্ধের আবেহ একসপ্তাহের জন্য আইপিএল স্থগিত, বাকি টুর্নামেন্ট করার প্রস্তাব দিল ইসিবি


**নিজস্ব প্রতিনিধি:** ভারত এবং পাকিস্তানের যুদ্ধ আবহের মধ্যেই আইপিএল স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছিল বোর্ড। তবে শুক্রবার দুপুরে বোর্ড এক বিবৃতিতে জানায়, এক সপ্তাহের জন্য স্থগিত রাখা হবে আইপিএল। তারপর বাকি অংশ শুরু হয়ে যাবে। কিন্তু এক সপ্তাহের মধ্যে যে ম্যাচগুলো ছিল সেই শূন্যস্থান কীভাবে পূরণ হবে তা এখনও জানানো হয়নি। ফাইনালের তারিখ পিছিয়ে যাবে নাকি এক এক দিনে দুটি করে ম্যাচ অনুষ্ঠিত হবে তা নিয়ে বৈঠক করা হবে আইপিএল কর্তৃপক্ষের তরফে। বিসিসিআইয়ের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, 'ক্রিকেট আমাদের কাছে আবেগ হলেও দেশের সার্বভৌমত্ব, অখণ্ডতা ও নিরাপত্তার চেয়ে বড় কিছু হতে পারে না। বিসিসিআই সবসময় দেশের পাশে আছে এবং ভবিষ্যতেও জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে'। কিন্তু প্রশ্ন একটাই, একসপ্তাহে কী এর সমাধান হবে? না হলে কী হবে। সেক্ষেত্রে বিদেশে করা ছাড়া কোনও উপায় নেই। ভারতের মুশকিল আসান করে এক ক্রিকেট বিষয়ক ওয়েবসাইটের সূত্র জানিয়েছে, ইসিবি রাজি আইপিএলের বাকি অংশ করতে। জানা যাচ্ছে, নতুন সূচি ঠিক করতে এক সপ্তাহের মধ্যে বৈঠক হবে। এরমধ্যেই ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক মাইকেল ভন মনে করেন, আইপিএলের বাকি অংশ ইংল্যান্ডে হতে পারে। কারণ সেখানে সমস্ত পরিকাঠামো রয়েছে। সেক্ষেত্রে আসন্ন টেস্ট সিরিজের জন্য ইংল্যান্ডে থেকে যেতে পারবে ভারতীয় ক্রিকেটাররা। মাইকেল ভন বলেন, 'আমার মনে হচ্ছে আইপিএল ইংল্যান্ডে শেষ করা যেতে পারে। আমাদের ভেন্যু তৈরি। তারপর টেস্ট সিরিজ খেলতে ভারতীয় প্লেয়াররা থেকে যেতে পারবে। এমন আমি মনে করি।' যদিও বর্তমানে কেন্দ্রীয় সরকারের নির্দেশিকার অপেক্ষায় আইপিএল কর্তৃপক্ষ। আইপিএল যেমন অনিশ্চিত, তেমনই ঘোর অন্ধকারে পাকিস্তান ক্রিকেট লিগ পিএসএলও। 'অপারেশন সিঁদুর'। হামলা পালটা হামলায় ভারত-পাকিস্তান উত্তেজনা চরমে। এই পরিস্থিতিতে পাকিস্তান সুপার লিগ বিরাট সিদ্ধান্ত নিয়ে ফেলেছিল! পিসিবি জানিয়েছিল পাকিস্তান থেকে এই লিগ সরছে সংযুক্ত আরব আমিরশাহিতে। টুর্নামেন্টের বাকি আট ম্যাচ হবে মরুদেশেই। পাকিস্তানের গর্বের রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে ড্রোন হামলা হয়েছে। রাত আটটা থেকে এই স্টেডিয়ামেই পাকিস্তান সুপার লিগের ম্যাচে পেশোয়ার জালমি ও করাচি কিংসের মুখোমুখি হওয়ার কথা ছিল। ড্রোন হামলায় রাওয়ালপিন্ডি স্টেডিয়ামের একাংশ ভেঙেও পড়েছিল। ফলে ম্যাচ বাতিল হয়ে তা করাচি স্টেডিয়ামে চলে গিয়েছিল। এরপরই পিসিবি জরুরি ভিত্তিতে বৈঠকে বসেছিল। পিসিবি জানিয়েছিল যে, মরুদেশে বাকি ম্যাচগুলির সংশোধিত তারিখ এবং ভেন্যু যথাসময়ে নিশ্চিত করা হবে।



**২০২৭ সালের বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালের আয়োজক হতে আগ্রহী ভারত।**

## পরিস্থিতি দেখে সিএবি প্রো লিগ বন্ধ রাখার সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিনিধি:** অবশেষে বোধদয়! আইপিএল বন্ধের পর সিএবি নিজেদের ঘরোয়া টুর্নামেন্ট বন্ধের সিদ্ধান্ত নিল। সীমান্তে ভারত পাকিস্তান যুদ্ধের পরিস্থিতিতে আইপিএলের পর এবার স্থগিত রাখার সিদ্ধান্ত সিএবির আয়োজিত বেঙ্গল প্রো টি-২০ লিগ সিজন ২। এদিন সিএবির পক্ষ থেকে জানান হল পরে ঘোষণা করা হবে এই টুর্নামেন্টের নতুন তারিখ এবং ম্যাচের স্থান। আইপিএল শেষ হলেই শুরু হয়ে যাওয়ার কথা ছিল টুর্নামেন্টের দ্বিতীয় সংস্করণ। গত বছর একই সঙ্গে চলে ছেলেদের এবং মেয়েদের ম্যাচ। এবার প্রথমে হওয়ার কথা ছিল মেয়েদের টুর্নামেন্ট। সেটা শেষ হলে শুরু হওয়ার কথা ছিল ছেলেদের ম্যাচ। মেয়েদের ম্যাচের জন্য সিউড়িতে মাঠও দেখে আসেন সিএবি কর্তারা।



**প্রেস বিবৃতি দিয়ে টুর্নামেন্ট বন্ধ রাখার কথা জানিয়ে দিল সিএবি।**

## মিডল ফিঙ্গার আফ্রিদিকে দিতে চান ধাওয়ান

**নিজস্ব প্রতিনিধি:** মিডল ফিঙ্গার আফ্রিদিকে দিতে প্রস্তুত শিখর ধাওয়ান। পাকিস্তানকে নিয়মিত তুলোধনা করে আসা ভারতের প্রাক্তন ওপেনার শিখর ধাওয়ান এবার প্রকাশ্যে যুদ্ধের আহ্বান জানিয়েছেন। তিনি সোশ্যাল মিডিয়ায় মহাভারতের একটি ছবি শেয়ার করে নিজের মনোভাব প্রকাশ করেন। ভারতের ক্রিকেটার শিখর ধাওয়ান বলেছেন, 'আমি মারা যাওয়ার পর আমার হাতের মিডল ফিঙ্গারটা বাদ দিয়ে পুরো দেহ বিজ্ঞানের গবেষণার কাজে দিয়ে দিও।মিডল ফিঙ্গারটা পাঠিয়ে দিও পাকিস্তানে শহীদ আফ্রিদিকে'।

## কবিগুরুর জন্মবার্ষিকীতে কবিতা লিখে শ্রদ্ধার্ঘ্য শ্রীমন্ত কুমার মল্লিকের

**নিজস্ব প্রতিনিধি:** এবারের ২৫ বৈশাখ তাঁর ১৬৪তম জন্মবার্ষিকী। রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালির সৃজনে, মননে, রুচিতে, সংস্কৃতিতে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছেন। যে পেশাতেই বাঙালিরা থাকুক না কেন, এই দিনটা স্মরণ করতে ভুল করেন না কেউ।

সারা বছরই খেলা নিয়ে ব্যস্ত থাকতে দেখা যায় ক্রীড়া প্রশাসক শ্রীমন্ত কুমার মল্লিককে। থাকবেন নাই বা কেন? সিএবি তাঁর কাজে খুশি হয়েই পর্যবেক্ষক কমিটির চেয়ারম্যান করেছেন। শ্রীমন্ত কুমার মল্লিক সেই দিকে যেমন নজর রাখেন, তেমনই যে কোনও ক্রিকেট খেলাতেই হাজির হন সবাইকে উৎসাহিত করতে। এত ব্যস্ততার মধ্যেও কবিগুরুকে শ্রদ্ধা জানাতে ভুল করেননি। তাঁর যে আরও এক পরিচয় রয়েছে। তিনি সংস্কৃতির জগতেরও মানুষ। তাই বিশ্বকবির জন্মবার্ষিকীতে দেশের আবহ ও পরিস্থিতি দেখে লিখে ফেলেছেন আস্ত কবিতা। দেশবন্ধু পার্কে কবিগুরুকে শ্রদ্ধা জানান তিনি। সিএবির যে কোনও অনুষ্ঠানেই সঞ্চালনার ডাক পড়ে এই শ্রীমন্ত কুমার মল্লিকের ওপরই। তাঁর বহুমুখী প্রতিভার সুখ্যাতি করেন কিংবদন্তি ক্রিকেটার সৌরভ গঙ্গোপাধ্যায় সহ অনান্যরা।


**২৫ শে বৈশাখ কবিগুরুর জন্মবার্ষিকীতে আবক্ষ মূর্তিতে মাল্যদান করলেন সিএবির পর্যবেক্ষক কমিটির চেয়ারম্যান শ্রীমন্ত কুমার মল্লিক।**

## কবিগুরুর জন্মবার্ষিকীতে বিশ্বরূপ দে'র শ্রদ্ধাঞ্জলি

**নিজস্ব প্রতিনিধি:** সিএবি থেকে বিওএ, বিশ্বরূপ দে'র পরিচিতি ক্রীড়া সংগঠক হিসেবেই। সিএবি থেকে বিওএ, সর্বত্র তাঁর ভূমিকা অনস্বীকার্য। এখন রাজনীতিতেও যোগ দেন। মানুষের জনপ্রিয়তায় অনায়াসেই ৪৮নং ওয়ার্ডের পুরপিতা হন। কৃষ্টি-সংস্কৃতি ঐতিহ্যে সাজিয়ে তোলেন তাঁর ওয়ার্ড। কবিগুরুর জন্মদিনে বিশেষভাবেই সেজে উঠল তাঁর ওয়ার্ড। বাংলার গর্ব ১২৫ বছরের সুপ্রাচীন প্রতিষ্ঠান দি রেফিউজের প্রতিষ্ঠাতা সদস্য বিশ্বরূপ দে, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিবসে প্রভাতী শোভাযাত্রার আয়োজন করেন। সেইসঙ্গে হয় নৃত্যানুষ্ঠানও। বিশ্বকবিকে পূর্ণ শ্রদ্ধা জানিয়েই তাঁরই প্রতিষ্ঠানের আবাসিকরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।


**বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের আবক্ষ মূর্তিতে মাল্যদান করছেন বিশ্বরূপ দে।**

## কন্যাশ্রী কাপে ইস্টবেঙ্গলের বড় জয়


কন্যাশ্রী কাপে দাপট দেখাল লাল হলুদ মেয়েরা।

**নিজস্ব প্রতিনিধি:** কন্যাশ্রী মহিলা ফুটবলে ইস্টবেঙ্গল বড় জয় পেল। শুক্রবার রবীন্দ্র সরোবর স্টেডিয়ামে ইস্টবেঙ্গল মুখোমুখি হয় সরোজিনী নাইডুওএসসি-র। ইস্টবেঙ্গলের খেলোয়াড়রা প্রথম থেকে প্রাধান্য দেখিয়ে ১৪-১ গোলে জয় তুলে নেয়। লাল-হলুদের তিনজন ফুটবলার হ্যাটট্রিক করার কৃতিত্ব দেখান। এঁরা হলেন দেবলীনা ভট্টাচার্য, কার্তিকা অঙ্গমুথু ও অষ্টম ওরাওঁ। দুটি গোল করেন লেপচা। একটি করে গোল করেন সুস্মিতা বর্ধন, সাথী দেবনাথ ও প্রিয়াঙ্কা।

## বিপিনকে সই করাল ইস্টবেঙ্গল

**নিজস্ব প্রতিনিধি:** পিভি বিষ্ণুর সঙ্গে চুক্তি বাড়ানোর পর বিপিন সিংকে সই করাল ইস্টবেঙ্গল। শোনা যাচ্ছে, আগামী দু'বছরের জন্য লাল হলুদ জার্সিতে দেখা যাবে জাতীয় দলের উইঙ্গারকে। বেশ কয়েকদিন ধরেই বিপিনের দিকে হাত বাড়ায় ইস্টবেঙ্গল। কথাবার্তা অনেকটাই এগিয়ে গিয়েছিল। এবার তাতে সিলমোহর পড়ল। শুক্রবার মুম্বই সিটি এফসি থেকে বিপনকে সই করাল ইস্টবেঙ্গল। দীর্ঘদিন মুম্বই সিটির হয়ে খেলছেন। গতির পাশাপাশি গোল করার ক্ষমতা রয়েছে। বর্তমানে জাতীয় দলের নিয়মিত সদস্য। সুতরাং, অভিজ্ঞতা কাজে লাগাবে ইস্টবেঙ্গল।


**শেষমেশ ইস্টবেঙ্গলেই সই করলেন বিপিন সিং।**

আমার দেশ/আমার দুনিয়া

## সিন্ধু জলচুক্তি নিয়ে কোনও হস্তক্ষেপ করবে না বিশ্বব্যাঙ্ক

**নয়াদিল্লি, ৯ মে:** ভারত সিন্ধু জলচুক্তি স্থগিত করায় শুকিয়ে মরার আশঙ্কায় পাকিস্তান। বিশ্বব্যাঙ্কের দ্বারস্থ হয়েও বিশেষ লাভ সম্ভবত হচ্ছে না ইসলামাবাদের। ভারত যদি চুক্তি বাতিল করেও তাতে কিছু বলার থাকবে না বিশ্বব্যাঙ্কের। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করে জানিয়ে দিলেন বিশ্ব ব্যাঙ্কের প্রেসিডেন্ট অজয় বাঙ্গা।

বৃহস্পতিবারই দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করেছেন বিশ্ব ব্যাঙ্কের প্রেসিডেন্ট। অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গেও বৈঠক করেছেন তিনি।

প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সাক্ষাৎকে নিতান্তই সৌজন্য সাক্ষাৎ বলা হলেও দু-জনের মধ্যে সিন্ধু জলচুক্তি নিয়ে কথা হয়েছে বলে মনে করা হচ্ছে। তাছাড়া অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গে বিস্তারিত কথা বলেছেন বাঙ্গা।


**মেট্রো রেলওয়ে, কলকাতা**

প্রিন্সিপাল চিফ মেটেরিয়ালস্ ম্যানেজার জরুরী ভিত্তিতে ১৯.০৫.২০২৫ তারিখে মে/২৫ মাসের জন্য মেট্রো রেলওয়ে, কলকাতার বেলগাছিয়ায় অব্যবহারযোগ্য কাঠামোর ই-অকশন বিক্রি সহ রিলিজড্ এবং স্ক্র্যাপ মেটেরিয়ালস্ অপসারণের জন্য **ই-অকশন বিক্রি** আহ্বান করছেন। আরও বিবরণের জন্য **https://www.ireps.gov.in/eAuction** দেখুন।

আমাদের অনুসরণ করুন : /metrorailwaykol /metrorailkolkata

**TENDER**

E- Tenders are invited by The Prodhan, **Chhitka Gram Panchayat** (Under Tehatta- I Panchayat Samity), P.O-Chhitkadaspara, Nadia. **NIET No- ET-01/15th CFC (TIED) /Chh/2025-26, ET-02/15th CFC (UNTIED)/ Chh/2025-26,** Last date of submission- **16.05.2025 up to 1p.m.** For details please contact to the office or visit **www.wbtenders.gov.in**
**Sd/- Prodhan,**
**Chhitka Gram Panchayat.**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/42/25-26 Dated 08.5.2025 | Construction of Block Road at Sita nath school bye lane In Ward no.06 under Rajpur Sonarpur Municipality (Length-100m Width-3.8m). | Rs. 7,61,602.00 |

Bid Submission end date: **19.05.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার**

এনআইটিসংখ্যাঃ এসটি_পি_এসইআর_আরইএন_স্টোর_বিএলডি_০৬, তারিখঃ ০৮.০৫.২০২৫। ভারতের রাষ্ট্রপতির তরফে ডেপুটি সিএসটিই/ওয়ার্কস/হেড কোয়ার্টার, দক্ষিণ পূর্ব রেলওয়ে, গার্ডেনরীচ, কলকাতা-৭০০০৪৩ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেনঃ **কাজের বিবরণ ঃ** দক্ষিণ পূর্ব রেলওয়ের অফিস বিল্ডিং-এর নির্মাণ সমেত এসএসই/টেলি-ওয়ার্কস/ খড়গপুর-এর স্টোরের সংস্কার ও আধুনিকীকরণ। **কাজের আনুমানিকমূল্য ঃ** ৬,৭৯,৮৭,৫৬২.৫৪ টাকা। **বায়না মূল্য ঃ** ৪,৮৯,৯০০ টাকা। **বন্ধের তারিখ এবং সময় ঃ** ৩০.০৫.২০২৫ বিকাল ৪.৩০ মিনিট। উপরোক্ত টেন্ডারের বিস্তারিত বিজ্ঞপ্তি ইতিমধ্যেই ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ প্রকাশিত হয়েছে। **(PR-138)**

**Abridged form of e-NIT-01/SARANG/ 2025-26, 02/SARANG/ 2025-26, 03/SARANG/ 2025-26, 04/SARANG/ 2025-26, 05/SARANG/2025-26,**
Circulations memo **no-43(3)/Sar/2025, 44(3)/ Sar/2025, 45(3)/Sar/2025, 46(3)/ Sar/ 2025 & 47(3)/Sar/2025, All dated 08.05.2025.** Applications are hereby invited from intending bidders for 34(Thirty Four) no works under Sarangpur Gram Panchayat. Bid submission closing date **20.05.2025 at 1.00 PM.**
Other details may be seen from the website **https://wbtenders.gov.in** & office Notice Board.
**(M) 9734013308**
**Sd/- Prodhan,**
**Sarangpur G.P**
**Domkal, Murshidabad**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/41/25-26 Dated 08.5.2025 | UPGRADATION OF EXISTING SURFACE DRAIN WITH SECTION MODIFICATION AND SLAB COVERING AT DEODAR PLACE UNDER WARD-29 OF RAJPUR-SONARPUR MUNICIPALITY. | Rs. 44,98,067.00 |

Bid Submission end date: **26.05.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**BANASHYAMNAGAR GRAM PANCHAYAT**
**Pathrprtima Block, District South 24 Parganas**
**ABRIDGED NIT**
On behalf of Banashyamnagar Gram Panchayat of Patharpratima Block under south 24 parganas dist. invites bids for Construction of Vertica lFilter Chamber NIT NOS- 145/BNGP/SBM(G)/2025. SL. Nos 1,2,3,5,9 @ Rs-197816/-And SL. Nos 4,6,7,8 @ Rs- 247270/- Respectively. The Estimated Cost excluding GST & L. Cess. The period of bid submission is **10:00 AM of 9th May. 2025 to 10:00 AM of 20th May 2025.** For details please visit to **wbtenders.gov.in.**
**Sd/- Pradhan,**
**Banashyamnagar Gram Panchayat**

**Press Notice**
**Date and Time Corrigendum**
**NIT No.- 07/PMKSY-WDC2-NRM/01/24-25**

| Sl. No. | Activity | Date and Time |
|---|---|---|
| 1. | Date of Publishing of N.I.T & other Documents (Online) | 08.05.2025 at 5pm |
| 2. | Bid submission date (Online) | 08.05.2025 at 5pm |
| 3. | Closing date of downloading document & online bid submission | 19.05.2025 at 5pm |

**Sd/-**
**Assistant Director of Agriculture**
**Baghmundi Block &**
**PIA, Kharkai & Subarnarekha Watershed**

**OFFICE OF THE**
**NATUNGRAM GRAM PANCHAYAT**
**UNDER MURSHIDABAD-JIAGANJ DEVELOPMENT BLOCK**
**MURAGOAR, TALGACHI, MURSHIDABAD, PIN-742149**
**e-mail: natungramgp@gmail.com**
**NOTICE INVITING e-Tender**
e-Tender are invited through online Bid System under Following Tender (NIeT) **No: NGP-03/2025-2026 Dated: 07-05-2025.** The last date for on-line submission of tender is **17-05-2025 (Saturday) upto 15:00 Hours.** For details please visit website **https://wbtenders.gov.in**
**Sd/- Sangita Roy**
**(Prodhan, Natungram G.P.)**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/43/25-26 Dated 08.5.2025 | Repairing and Renovation of Kodalia Girl's School in Ward No.-20 , Under Rajpur-Sonarpur Municipality. | Rs. 2,87,058.00 |

Bid Submission end date: **19.05.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**E-TENDER**

E- Tender are invited by The Prodhan, **Sahebnagar Gram Panchayat** (Under Tehatta-II Panchayat Samity), Chhotonaldaha, Nadia, Pin- 741156. **NIET NO. 02/BEUP(01)/2025-2026 (01),** Last date of submission **16.05.2025 up to 6p.m.** For details please contact to the Office or visit **www.wbtenders.gov.in**
**Sd/- Prodhan,**
**Sahebnagar Gram Panchayat.**

**Office of the Pradhan**
**Bhagirathpur Gram Panchayet**
**Bhagirathpur, Domkal, Murshidabad**
**Sl. No.- 1: NIeT No-** 03/DOM/ BGP/15th FC (United) / 2025-26 (1st Call; **Total No of Schemes:** 8 Nos; **Total Tender amount-** Rs. 15,29,978.00, **2) NIeT No-** 04/DOM/ BGP/15th FC (Tied)/ 2025-26 (1st Call); **Total No of Schemes:** 9 Nos, **Total Tender amount-** Rs. 31,49,370.00.
Date of Publishing- **09-05-2025 From 18.00 hours** on **https://wbtenders.gov.in**
Date of downloading and submitting the bid **09-05-2025 from 18.00 hours to 17-05-2025 upto 18.00 hours.**
For more details visit **https://wbtenders.gov.in**
**Sd/- Prodhan**
**Bhagirathpur, Domkal, Msd.**

**জয়শ্রী নির্মাণ লিঃ**
রেজিঃ অফিস: কক্ষ নং ৫০৩, ১ ব্রিটিশ ইন্ডিয়া স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৬৯
**সিআইএন নং : L45202WB1992PLC054157**
ইমেল আইডি : jayshreenirmanlimited@gmail.com
**৩১ মার্চ, ২০২৫ -এ সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৫ (নিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ০১.০১.২০২৫ থেকে ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | পূর্ব বর্ষ সমাপ্ত ৩১ মার্চ, ২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| | | টাকা '০০০ -তে | | |
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ৩৫৪৫৯৫.১৫ | ১২০২০২.২২ | ২৮৫৩০৫.০৮ |
| ২. | কর পূর্ব সাধারণ কাজকর্ম থেকে নিট লাভ / (ক্ষতি) | ৬৭৭৩৮.২২ | ১৭২৩০.১৯ | ১২৭৫৩.১১ |
| ৩. | কর পরবর্তী সাধারণ কাজকর্ম থেকে লাভ / (ক্ষতি) | ৪৬৪৯৮.১৯ | ৯৬৩৮.৫২ | ২৬৪৯.০৫ |
| ৪. | সময়কালের জন্য (কর পরবর্তী) মোট ব্যাপক আয় (লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী) | ৩০৮৬৪৮.৬৩ | -২৬৭৮৩২.১১ | ১১১৭০৬৭.৩২ |
| ৫. | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন | ৫০৬১২ | ৫০৬১২ | ৫০৬১২ |
| | ফেস ভ্যালু ১০ টাকা প্রতিটি | ১০ | ১০ | ১০ |
| ৬. | ব্যালান্স সীটে প্রদর্শিতমতো পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ | ৩১৩৭৪৯০.৩৮ | ৩১৩৭৪৯০.৩৮ | ২৮২৮৮৪১.৭৫ |
| ৭. | নিট মূল্য | ৩১৮৮১০২.৩৮ | ৩১৮৮১০২.৩৮ | ২৮৭৯৪৫৩.৭৫ |
| ৮. | শেয়ার প্রতি আয় (মূল এবং মিশ্রিত) - | ৯৪২৮ | ১.৯০ | ০.৫২ |

**দ্রষ্টব্য :**
উপরোক্তটি এসইবিআই (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জসমূহে ফাইল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ।
ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট কোম্পানির ওয়েবসাইট : www.jayshreenirmanlimited -তে অ্যাক্সেস করা যেতে পারে।
বোর্ডের আদেশানুসারে
জয়শ্রী নির্মাণ লিমিটেড -এর পক্ষে
স্বা/-
অমিত এন প্যাটেল
ডিরেক্টর
তারিখ : ০৯/০৫/২০২৫
স্থান: কলকাতা
DIN : [illegible]795548

**পূর্ব রেলওয়ে**

নং. ডিওয়াই.সিপিএম/ইএনজিজি/জিএসইউ/এইচডব্লুএইচ/২৫-২৬/৬ তারিখ ঃ ০৭.০৫.২০২৫। ডেপুটি চিফ প্রোজেক্ট ম্যানেজার/ইএনজিজি/ গতি শক্তি ইউনিট, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক সমতুল ধরনের কাজে অভিজ্ঞ এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিপন্ন টেন্ডারদাতা যাঁরা সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস বা যে কোনও রাষ্ট্রায়ত্ত সংস্থাতে নথিভুক্ত তাঁদের নিকট থেকে নিম্নলিখিত কাজের জন্য অনলাইনের মাধ্যমে নিম্নোক্ত ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **ই-টেন্ডার নং. ০৪_২০২৫-২৬; কাজের বিবরণ ঃ** "হাওড়া ডিভিসনে আরওবি/ আরইউবি দ্বারা ১৮টি এলসি গেট অপসারণের জন্য ডিপিআর।" **আনুমানিক মূল্য ঃ** ২,২২,৮৩,৭৭৭.১৯ টাকা; **বায়না অর্থ ঃ** ২,৬১,৪০০.০০ টাকা; **টেন্ডার ফর্মের মূল্য ঃ** শূন্য; **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** স্বীকৃতিপত্র পাওয়ার তারিখ থেকে ০৬ (ছয়) মাস; **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০৩.০৬.২০২৫ তারিখ দুপুর ৩ টে। টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখটিতে যদি কোনো কারণে ছুটি/বন্ধ/ধর্মঘট ঘোষিত হয়, তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখটির কোনো পরিবর্তন হবে না, কারণ আইআরইপিএস ওয়েবসাইটের প্রায়োগিক পদ্ধতি টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনও প্রস্তাব দাখিলের অনুমোদন দেবে না। যদিও, অনলাইনে টেন্ডার খোলার কাজটি পরবর্তী কাজের দিনে করা হবে। **www.ireps.gov.in** ওয়েবসাইটে বিশদ টেন্ডার পাওয়া যাবে। টেন্ডারদাতাগণকে উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাহদের প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হচ্ছে। **ইএমডি এবং টিডিসি অর্থ পরিশোধ ঃ** ই-টেন্ডারিং-এর পরিপ্রেক্ষিতে প্রদেয় বায়না অর্থ (ইএমডি) এবং টেন্ডার নথির মূল্য (টিডিসি) কেবলমাত্র নেট ব্যাঙ্কিং অথবা পেমেন্ট গেটওয়ে পদ্ধতিতে গৃহীত হবে। **দ্রষ্টব্য ঃ** আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল)-এ আহ্বান করা টেন্ডারের জন্য প্রদেয় বায়না অর্থ ফিক্সড ডিপোজিট রিসিপ্ট (এফডিআর) রূপে গৃহীত হবে না। হাতে হাতে দাখিল করা কোনো দরপ্রস্তাব গৃহীত হবে না। (HWH-80/2025-26)
টেন্ডার বিজ্ঞপ্তি www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in ওয়েবসাইট-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন @Eastern[illegible] @easternrailwayheadquarte[illegible]

**গিলান্ডার্স আরবুথনট অ্যান্ড কোম্পানি লিমিটেড**
রেজিস্টার্ড অফিস: সি-৪, গিলান্ডার হাউস, নেতাজি সুভাষ রোড, কলকাতা- ৭০০০০১
CIN : L51909WB1935PLC008194
ফোন: (০৩৩) ২২৩০ ২৩৩১ (৬ লাইনস), ফ্যাক্স : (০৩৩) ২২৩০ ৪১৮৫
ই-মেল: gillander@gillandersarbuthnot.com ওয়েবসাইট: www.gillandersarbuthnot.com
**৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**
(লক্ষ টাকায়)

| | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন ত্রৈমাসিক সমাপ্ত ৩১-মার্চ-২০২৫ (নিরীক্ষিত) | স্ট্যান্ডঅ্যালোন বর্ষ সমাপ্ত ৩১-মার্চ-২০২৫ (নিরীক্ষিত) | কনসোলিডেটেড ত্রৈমাসিক সমাপ্ত ৩১-মার্চ-২০২৫ (নিরীক্ষিত) | কনসোলিডেটেড বর্ষ সমাপ্ত ৩১-মার্চ-২০২৫ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৮,৬৮৯.২২ | ৪১,২৭৫.৪৬ | ১০,৩৯৩.৭৮ | ৪৪,৩১৭.৮৯ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১,৭৪৪.৪৬) | ৫১৬.১০ | (৩৭১.৭৪) | ১,৩০২.৪৪ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১,৫৫০.৭৬) | ১,৫০৩.৮৭ | ২০৩.৮৭ | ২,৬৭২.১২ |
| ৪ | সময়কাল [সময়কালের (কর পরবর্তী লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত]-এর জন্য মোট ব্যাপক আয় | (১,৫২৫.৪৫) | ১,৫৫৭.৯৭ | ২৫৩.৯৩ | ২,৭৭২.৮৮ |
| ৫ | চুকিয়ে দেওয়া ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ১০/- টাকা প্রতিটি) | ২,১৩৪.২৩ | ২,১৩৪.২৩ | ২,১৩৪.২৩ | ২,১৩৪.২৩ |
| ৬ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) মৌলিক এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়) | (৭.২৭) | ৭.০৫ | ০.৯৬ | ১২.৫২ |

**দ্রষ্টব্য**
১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস।
২. সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট এনএসই এবং বিএসই-এর ওয়েবসাইট যথাক্রমে **www.nseindia.com** এবং **www.bseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট **www.gillandersarbuthnot.com** -এ উপলব্ধ এবং কিউআর কোড স্ক্যান করেও পাওয়া যাবে।

পর্ষদের আদেশ অনুসারে
**গিলান্ডার্স আরবুথনট অ্যান্ড কোম্পানি লিমিটেড -এর পক্ষে**
স্বা/-
**মহেশ সোধানি**
(ম্যানেজিং ডিরেক্টর এবং সিইও)
DIN: 02100322
স্থান: কলকাতা
তারিখ: ৯ মে, ২০২৫


Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata-700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**